



বিসমিলাহির রাহমানির রাহিম
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গজারিয়া ইউনিয়ন পরিষদ কার্যালয়

Gazaria Union Parishad Office

ডাকঘর : খাসহাওলা, উপজেলা : পলাশ, জেলা : নরসিংদী।



চেয়ারম্যান জনাব মো: জাকির হোসেন চৌধুরী, মোবাইল : ০১৭৬৩-৩৮৭৭১২

সূত্র: স্মারক নং-গজা/ইউপি/ গ্রা.আ.- ০৯

তারিখ: ১৫/০৭/২০২৩ খ্রিঃ

চূড়ান্ত রায়

গজারিয়া ইউনিয়ন পরিষদের গ্রাম আদালতের মোকদ্দমা নং-০৯/২০২৩

জুলেখা বেগম

-----বাদী

স্বামী লোকমান গাজী

গ্রাম-সেকান্দরদী, ডাকঘর-খাসহাওলা, পলাশ, নরসিংদী।

১। কারিমা বেগম, স্বামী-বিল্লাল হোসেন,

২। বিল্লাল হোসেন, পিতা- হৈয়দ আলী

গ্রাম-সেকান্দরদী, ডাকঘর-খাসহাওলা, পলাশ, নরসিংদী।

----- বিবাদী

সিদ্ধান্ত- বাদী বিগত ১৬/০৫/২০২৩ খ্রি. তারিখ অত্র ইউনিয়নের গ্রাম আদালতে বিবাদীর নিকট ৭,৫০,০০০/- (সাত লক্ষ পঞ্চাশ হাজার) টাকা পাওনা দেখিয়ে একটি লিখিত অভিযোগ দায়ের করে। অভিযোগের পাওনা টাকা পরিশোধে ব্যর্থ হলে বিবাদী তার বাড়ি দলিল করে দিবে এই মর্মে স্ট্যাম্পে অঙ্গিকারনামা প্রদান করে। বাদী বার বার পাওনা টাকা পরিশোধের তাগাদা দিয়ে ব্যর্থ হলে অত্র ইউপির গ্রাম আদালতের আশ্রয় নেয়। ইউপি চেয়ারম্যান পক্ষ গণকে তাদের স্বার্থে ও আইন শৃংখলা বা শান্তি শৃংখলার স্বার্থে বিষয়টি মীমাংসার উদ্দেশ্যে নোটিশ প্রদান করলে উভয় পক্ষই দুই দুইবার উপস্থিত হয় কিন্তু বিবাদী পক্ষের মনোনীত ব্যক্তির অনুপস্থিতির জন্য এবং পরবর্তীতে বিবাদী পক্ষের অনুপস্থিতির জন্য বিষয়টি নিয়ে কোন রকম সিদ্ধান্তে পৌঁছানো সম্ভব হয় নি এবং কোন রকম গ্রাম আদালত গঠন করা ও সম্ভব হয়নি। তবে বাদীর আর্জির স্ব-পক্ষের স্বাক্ষ-প্রমাণাদি যাচাইয়ান্তে বাদীর আর্জি সঠিক ও সত্য বলে প্রতীয়মান হওয়ায় এখতিয়ার সম্পন্ন আদালতের মাধ্যমে পাওনা টাকা আদায় করার জন্য পরামর্শ দেওয়া হলো।